লেন্স এশিয়া

৪ আগস্ট, ২০২৬

# জবিতে ছাত্রদল-শিবির সংঘর্ষ, থমথমে ক্যাম্পাস



ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় ক্যাম্পাসে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। মঙ্গলবার (৪ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে আয়োজিত একটি অনুষ্ঠানকে কেন্দ্র করে এ ঘটনা ঘটে।

বিশ্ববিদ্যালয় সূত্র ও প্রত্যক্ষদর্শীরা জানান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যানের উপস্থিতিতে 'জুলাই গণঅভ্যুত্থান' বিষয়ক আলোকচিত্র প্রদর্শনী চলছিল। এ সময় ছাত্রশিবিরের নেতাকর্মীরা বিভিন্ন দাবিতে স্লোগান ও মিছিল শুরু করলে অনুষ্ঠানস্থলে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

পরে ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে তা ধাওয়া-পাল্টা ধাওয়া এবং সংঘর্ষে রূপ নেয়। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে দুই পক্ষ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে অবস্থান নেয়। পরে শিবিরের নেতাকর্মীরা ক্যাম্পাস ত্যাগ করেন।

খবর পেয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

সংঘর্ষে ছাত্রশিবিরের কয়েকজন নেতাকর্মীর পাশাপাশি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (জকসু) সহ-সভাপতি (ভিপি) মো. রিয়াজুল ইসলাম, সাধারণ সম্পাদক (জিএস) আব্দুল আলিম আরিফ, ছাত্রশক্তি এবং সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন।

ঘটনার পর নিরাপত্তা জোরদার করতে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ এলাকায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক থাকলেও শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ ও উৎকণ্ঠা বিরাজ করছে।

LENS ASIA